# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd


## "অফিস আদেশ"

নথী নং-১৮/উ:মা:/সনদ/২০১৫/ ১০ তারিখঃ ০৩/১১/২০২৫

**বিষয়ঃ ২০২৫ সালের এস এস সি পরীক্ষার মূল সনদপত্র বিতরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০২৫ সালে এস এস সি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত সময় ও তারিখ অনুযায়ী বোর্ডের **সনদ শাখা** থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

**বিতরণের তারিখ ঃ ০৯/১১/২০২৫ ইং তারিখ হতে ১৭/১১/২০২৫ ইং পর্যন্ত।**
**সময় ঃ সকাল ১০:০০ টা থেকে বিকাল ৩:০০ টা পর্যন্ত।**
সনদ বিতরণের স্থান ঃ ৪ নং ভবনের ০৫ তলা (সনদপত্র শাখা)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

| ক্রমিক নং | জেলার নাম | বিতরণের তারিখ |
|---|---|---|
| ১ | ঢাকা মহানগর | ০৯-১১-২০২৫ |
| ২ | মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ | ১০-১১-২০২৫ |
| ৩ | গাজীপুর, কিশোরগঞ্জ | ১১-১১-২০২৫ |
| ৪ | মাদারীপুর, শরীয়তপুর | ১২-১১-২০২৫ |
| ৫ | ফরিদপুর, রাজবাড়ী,গোপালগঞ্জ | ১৩-১১-২০২৫ |
| ৬ | নারায়নগঞ্জ, নরসিংদী | ১৬-১১-২০২৫ |
| ৭ | টাংগাইল, ঢাকা জেলা | ১৭-১১-২০২৫ |

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহন করার জন্য বিভাগওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তার বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ মূল সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/ অধ্যক্ষ নিজের বা প্রেরিত প্রতিনিধির বেলায় উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটির/গভর্নিং বডি/এ্যাডহক কমিটির সিদ্ধান্তের কপিসহ মূল সনদপত্র গ্রহণের জন্য আবেদনের উপর ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিংবডি/এ্যাডহক কমিটির সভাপতি অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদপত্র প্রদান করা সম্ভব হবে না।
আরো উল্লেখ থাকে যে,স্কুল/কলেজ প্যাডে কেন্দ্র কোড ও স্কুল কোড অবশ্যই উল্লেখ থাকতে হবে।

০৩/১১/২০২৫
প্রফেসর এস এম কামাল উদ্দিন হায়দার
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ফোন নং-৯৬৬৯৮১৫

প্রধান শিক্ষক / অধ্যক্ষ
ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান।